

তিনটি কবিতা

আর্জি

যা কিছু আমার প্রিয় সে কথা বোলোনা

ভয় করে, খুব ভয় করে....

যদি কষ্ট পাই, যদি

অতর্কিতে প্রেমে পড়ে যাই!

কথা

প্রেম তো লহমা মাত্র, বাকিটা

নিটোল রূপকথা!

মুখে রক্ত তুলে দেখো ছুটছে প্রহর

কবে মরে গেছে ! মুছে যাচ্ছে

রূপটান, আমাদের কথা.....

হলুদ পাখি

নাহয় ছিলনা গাড়ি, পক্ষীরাজ ঘোড়া

রোদে - জলে হেঁটে প্রেম করেছে দুজনে

সে প্রেম হলুদ পাখি ! কোমল, নরম...

শহর সমস্ত জানে, জানে দীর্ঘপথ

জয়ন্ত জয় চট্টোপাধ্যায়

